# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৮৮ : শাসকদের ব্যাপারে দাঈ এবং ছাত্রদের উপর ওয়াজিব কী? কী?

উত্তর : আল্লাহ পথের দাঈদের উপর ওয়াজিব হলো, যারা মুসলিম সমাজের মাঝে ভাঙন সৃষ্টি করতে, সমাজে হিংসা বিদ্বেষ ছড়াতে এবং মুসলিম শাসক ও জনগণের মাঝে বিচ্ছিন্নতা সৃষ্টি করতে চায় তাদের সকল ষড়যন্ত্র ব্যর্থ করে দিতে প্রচেষ্টা করা।

এবং তাদের উপর ওয়াজিব হলো মুসলিম জনগণকে ঐক্য সংহতি, ভ্রাতৃত্ব এবং ভালোবাসার প্রতি উদ্বুদ্ধ করা। এমনি ভাবে কোনরূপ প্রচারণা ও কঠোরতা ছাড়াই গোপনে তাদেরকে হকের ক্ষেত্রে সাহায্য করা এবং কল্যাণের পথ প্রদর্শন করা।[1]

আল্লাহ তা‘আলা বলেন,

{ فَقُولا لَهُ قَوْلاً لَيِّناً لَعَلَّهُ يَتَذَكَّرُ أَوْ يَخْشَى }

তোমরা তার সাথে নরম কথা বলবে। হয়তোবা সে উপদেশ গ্রহণ করবে অথবা ভয় করবে (সূরা আত ত্বহা আয়াত ৪৪)।

---

[1]. সমাজের জন্য এই দিকনির্দেশনা প্রদান: সমাজের জন্য এই দিকনির্দেশনা জুম‘আর খুত্বা এবং সাধারণ সমাবেশে হওয়া উচিত; যাতে জন সমাবেশ বেশি হতে পারে, এবং এর উপকারিতা ব্যাপক হয়। উক্ত বক্তব্য কখনোই শাসকদের বিরুদ্ধে আক্রমণাত্মক ও বিশৃঙ্খলা সৃষ্টিকারী হওয়া যাবে না।

এমনিভাবে বিদ্যালয়গুলোর প্রত্যেক শিক্ষা স্তরেই এই দিকনির্দেশনা প্রদান করা উচিত। শিশুদেরকে শাসকদের প্রতি ভালোবাসা, সম্মান বোধ ও আনুগত্যের ভিত্তিতে লালন পালন করা উচিত। তাদেরকে শাসকবর্গের নিন্দা বা কুৎসা শিখানো উচিত নয়। কেননা শাসকের কুৎসা করার দ্বারা তার কথা শ্রবণ ও আনুগত্য না করার প্রতি ঠেলে দেয়। যদি এমন হতে থাকে তাহলে বিশৃঙ্খলা ও ফিতনা ফাসাদ সর্বত্র ছড়িয়ে পড়বে। সুতরাং আপনাদের উচিত ঐ সকল দাঈদের স্মরণাপন্ন হওয়া যারা কুরআন সুন্নাহর ভিত্তিতে যুবকদেরকে সহীহ মানহাজের দিকনির্দেশনা প্রদান করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন